

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সেবা শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা



নম্বর ৩৭.০০.০০০০.০৬২.৯১.০০১.১৮.৩২৭

তারিখ ২৩ শ্রাবণ ১৪২৯

০৭ আগস্ট ২০২২

নোটিশ

বিষয়: ১৫ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী পালন উপলক্ষে আলোচনা সভা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৭তম শাহাদতবার্ষিকী পালন উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় এর পক্ষ থেকে আগামী ২৪ আগস্ট, ২০২২ খ্রি: তারিখ বুধবার বিকাল ৩.৩০ ঘটিকায় ভার্চুয়ালি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এম.পি. উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী এম.পি. এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর সচিব জনাব মোঃ কামাল হোসেন। অনুষ্ঠানে 'বঙ্গবন্ধুর শিক্ষা দর্শন' বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করবেন বিশিষ্ট শিক্ষাবিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজী বিভাগের প্রাক্তন অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম, বর্তমানে অধ্যাপক, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ আবু বকর ছিদ্দীক, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

০২। এতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের উভয় বিভাগের সকল কর্মকর্তা এবং মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের প্রধানগণসহ সংশ্লিষ্ট সকলকে উক্ত আলোচনা সভায় নির্ধারিত সময়ে ভার্চুয়ালি সংযুক্ত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মিটিং আইডি: 61154468515

মিটিং পাসওয়ার্ড:123

১৬-৮-২০২২

সাইফুর রহমান খান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ২২৩৩৮৪৫৮২

ফ্যাক্স: ৯৫১৪১১৪

ইমেইল:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা।
- ২) চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা।
- ৩) সৈয়দ মনজুরুল ইসলাম, অধ্যাপক, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ।
- ৪) জনাব আনিস মাহমুদ, প্রকল্প পরিচালক, "শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা স্থাপন" শীর্ষক প্রকল্প।
- ৫) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৮) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ৯) প্রোগ্রাম কোঅর্ডিনেটর (প্রোগ্রাম কোঅর্ডিনেশন ইউনিট), সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এসইডিপি)।
- ১০) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
- ১২) মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৩) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
- ১৪) ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
- ১৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ১৬) যুগ্মসচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১৭) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
- ১৮) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীকে অবহিত করার অনুরোধসহ)।
- ১৯) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২০) চেয়ারম্যান (সকল), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড।
- ২১) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস ভবন, পলাশী, ঢাকা।
- ২২) সদস্য সচিব, বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ব্যানবেইস, পলাশী, ঢাকা।
- ২৩) উপসচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
- ২৫) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়কে অবহিত করার অনুরোধসহ)।
- ২৬) পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
- ২৭) অধ্যক্ষ, বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিআই), গাজীপুর।
- ২৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে সভার নোটিশ প্রকাশ ও সংশ্লিষ্ট সকলকে উক্ত আলোচনা সভার আইডি ও পাসওয়ার্ড অবহিত করার অনুরোধসহ)।
- ২৯) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩০) অফিস কপি, ইমেইল